

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩০৪(২০১৫-২০১৬)/২০১৮-১৯/

তারিখঃ ২১/০১/২০১৯ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব মোঃ আবুল কাশেম, পরিদর্শক(অবসরপ্রাপ্ত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা ইতোপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, মদন শাখায় পরিদর্শক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দূনীতিমূলক অপরাধের জন্য বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা নং-২০/১৫-১৬ রুজুপূর্বক অত্র বিভাগের ৩১.০১.২০১৬ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩০৪/২০১৫-২০১৬/২০২৪ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছেন;

০৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনাপূর্বক আপনাকে গুরুত্ব প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেন। উক্ত সিদ্ধান্ত মোতাবেক অত্র বিভাগের ২২-০৩-২০১৮ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩০৪(২০১৫-১৬)/২০১৭-২০১৮/৩৫১৬ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ১৯-০৪-২০১৮ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ আবুল কাশেম আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দূনীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করেন;

০৪। এক্ষেপে, সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ আবুল কাশেম আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, মদন শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ আবুল কাশেম (এ-৪৬১১)
পরিদর্শক(অবসরপ্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা।

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাঙ্গ)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৩০৪(২০১৫-২০১৬)/২০১৮-১৯/

তারিখঃ ২১/০১/২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায় মোতাবেক জনাব মোঃ আবুল কাশেম, পরিদর্শক(অবসরপ্রাপ্ত) এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, মদন শাখার আয় খাতে জমা করিবার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, অভ্যন্তরীণ নিয়ন্ত্রন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।
- ০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ আবুল কাশেম, এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, নেত্রকোনা।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, মদন শাখা, নেত্রকোনা।
- ১২। নথি/ মহানথি / মূলনথি।

স্বাক্ষরিত
২১/০১/২০১৯
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক